

স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৭

বাংলা

চতুর্থ পত্র

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

(মানের গুরুত্ব : ৮০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : $১৮ \times ২ = ৩৬$
[যথাসম্ভব নিজের ভাষায় ৩০০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) বিভূতিভূষণ বলেছেন — ‘আরণ্যক ভ্রমণবৃত্তান্ত বা ডায়রি নহে, — উপন্যাস।’ লেখকের এই অভিমতের যৌক্তিকতা বিচার করুন।
- (খ) ‘পণ্ডিতমশাই’ উপন্যাসে ট্রাজেডি ঘটিয়ে তোলার ক্ষেত্রে সর্বাধিক দায়িত্ব কুসুমের। কুসুম চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে এই অভিমতের পক্ষে বা বিপক্ষে নিজের মত প্রকাশ করুন।
- (গ) যে দিক দিয়েই হোক, তারাশঙ্করের উপন্যাসে প্রাচীনের সঙ্গে নবীনের সংঘাত প্রায় সর্বত্র। ‘নাগিনী কন্যার কাহিনী’-তে বিধৃত এই সংঘাতের বিস্তারিত পরিচয় দিন।
- (ঘ) ‘হতে পারে চারটি অঙ্গ সর্বক্ষেত্রে অনিবার্যভাবে সংযুক্ত নয়, তবু ‘চতুরঙ্গ’ আধুনিক চিন্তাসম্মত নবতম রীতি অনুযায়ী পূর্ণাঙ্গ উপন্যাস এবং সার্থক উপন্যাস।’ — ‘চতুরঙ্গ’ উপন্যাস সম্পর্কিত সমালোচকের এই মন্তব্য কতদূর গ্রহণযোগ্য তা আলোচনা করে দেখান।

PG BG-IV

(2)

- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : $১২ \times ৩ = ৩৬$
[২৫০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) ‘অরূপের রাস’ গল্পের প্রধান তিনটি বৈশিষ্ট্য হল — (অ) সংক্ষিপ্ততা (আ) সাংকেতিকতা (ই) মনস্তাত্ত্বিকতা — এই তিনটি বৈশিষ্ট্যের মিশ্রণ কীভাবে ঘটেছে আলোচনা করুন।
- (খ) পরিবেশ রচনায় রবীন্দ্রনাথের অসামান্য দক্ষতার পরিচয় মেলে তাঁর ‘ক্ষুধিত পাষণ’ গল্পে। — বিশ্লেষণ করে দেখান।
- (গ) প্রেমেন্দ্র মিত্রের ‘স্টোভ’ গল্পটি অবলম্বন করে ছোটোগল্পে প্রতীকের ব্যবহার সম্পর্কে আলোচনা করুন।
- (ঘ) নরেন্দ্রনাথ মিত্রের ‘রস’ গল্পটিতে রস শব্দের প্রয়োগ কীভাবে বহুমাত্রিক হয়ে উঠেছে তা দেখান।
- (ঙ) বাংলা সাহিত্যে শ্রমিক সংহতির গল্প যে কয়েকটি লেখা হয়েছে তার মধ্যে ‘সংকেত’ এক অসামান্য সৃষ্টি। — আলোচনা করুন।
- (চ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের অন্তর্গত গুহা-প্রতীকের প্রাসঙ্গিকতা ও তাৎপর্য বিশ্লেষণ করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : $৭ \times ৪ = ২৮$
[১৫০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) ভানুমতী কে? তার একটি সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (খ) ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ গল্পে কার সঙ্গে কার যুদ্ধের ইঙ্গিত করেছেন লেখক।
- (গ) ‘কুষ্ঠরোগীর বউ’ গল্পের কেন্দ্রীয় নারীচরিত্রটির মনস্তত্ত্ব বিশ্লেষণ করুন।
- (ঘ) ত্রৈলোক্যনাথ হাস্যরস সৃষ্টিতে অনবদ্য। ‘নয়নচাঁদের ব্যবসা’ গল্পটি অবলম্বনে তাঁর হাস্যরস সৃষ্টির একাধিক দৃষ্টান্ত দিন।
- (ঙ) ‘রেকর্ড’ গল্পের রেকর্ডটি কীসের প্রতীক — আলোচনা করুন।
- (চ) ‘পথের কাঁটা’ কি নিছক গোয়েন্দা গল্প? — আলোচনা করুন।
- (ছ) ‘রস’ গল্পটিকে তিনটি পর্বে ভাগ করা যায়। পর্বগুলি কী কী?
- (জ) ‘শহীদের মা’ — এই গল্প-নামের তাৎপর্য কী?